# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭০০

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ (৩) মক্কার ফযীলত - “মক্কা আল্লাহর নিকট সর্বোত্তম ভূমি এবং তাঁর কাছে সবচেয়ে প্রিয় স্থান।”

## 3 ـ بَابٌ فَضْلُ مَكَّةَ ـ ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ مَكَّةَ خَيْرُ أَرْضِ اللَّهِ وأحبُّها إِلَى اللَّهِ

আরবী

3700 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ بْنِ زِيَادَةَ بْنِ الطُّفَيْلِ اللَّخْمِيُّ أَبُو الْعَبَّاسِ بِعَسْقَلَانَ حَدَّثَنَا عِيسَى بْنُ حَمَّادٍ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ عُقِيلٍ عَنِ الزُّهْرِيِّ أَنَّ أَبَا سَلَمَةَ بْنَ عَبْدِ الرَّحْمَنِ أَخْبَرَهُ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عدي ابن حَمْرَاءَ الزُّهري قَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم عَلَى رَاحِلَتِهِ وَاقِفًا بالحَزْوَرَةِ يَقُولُ: (وَاللَّهِ إِنَّكِ لَخَيْرُ أَرْضِ اللَّهِ وأحبُّ أرضِ اللَّهِ إِلَى اللَّهِ وَلَوْلَا أَنِّي أُخْرِجْتُ منك ما خَرَجْتُ)
الراوي : عَبْدَ اللَّهِ بْنَ عدي ابن حَمْرَاءَ الزُّهري | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3700 | خلاصة حكم المحدث: صحيح ـ ((المشكاة)) (2725).

বাংলা

৩৭০০. আব্দুল্লাহ বিন আদী বিন হামরা আয যুহরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জাযওয়ারাতে তাঁর বাহনের উপর অবস্থান করতে দেখেছি। এসময় তিনি (মক্কার উদ্দেশ্যে বলছিলেন, আল্লাহর কসম, নিশ্চয়ই তুমি আল্লাহর ভুমির মাঝে শ্রেষ্ঠ ভুমি, এবং আল্লাহর কাছে সবচেয়ে বেশি প্রিয় ভুমি। যদি আমাকে তোমার থেকে বের করে দেওয়া না হতো, তবে আমি (তোমার থেকে) বের হয়ে যেতাম না!”[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ৩১০৮; তিরমিযী: ৩৯২৫; নাসাঈ আল কুবরার বরাতে তুহফাতুল আহওয়াযী: ৫/৩১৬; হাকিম: ৩/৭; মুসনাদ আহমাদ: ৪/৩০৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মিশকাত: ২৭২৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আব্দুল্লাহ বিন আদী বিন হামরা আয যুহরী (রা.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=93037

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন